



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ,  
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।  
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.৬৫৩.১৪.০০৩.২৪.২৯৪

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

দপ্তরদেশ নং-০৮/২০২৪

**বিষয়:** “প্রিপেইড গ্যাস মিটার স্থাপন (Installation of Prepaid Gas Meter for TGTDC)” প্রকল্পের আওতায় সরকারি কোয়ার্টারসমূহে প্রিপেইড মিটার স্থাপন প্রসঙ্গে।

প্রিপেইড গ্যাস মিটার স্থাপন (Installation of Prepaid Gas Meter for TGTDC) প্রকল্পের আওতায় ঢাকা মেট্রোপলিটন এলাকায় ৪.২০ লক্ষ প্রিপেইড গ্যাস মিটার স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের ডিপিপি (৩য় সংশোধিত) অনুযায়ী প্রকল্পের মেয়াদ জুন ২০২৪ পর্যন্ত। গত ৩১-১২-২০২৩ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে কোম্পানির নভেম্বর’২৩ মাসের মাসিক পর্যালোচনা সভায় সরকারি কোয়ার্টারসমূহে প্রিপেইড মিটার স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক সরকারি কোয়ার্টারসমূহে প্রিপেইড মিটার স্থাপনের বিষয়ে নির্দেশনামূলক নিম্নবর্ণিত দপ্তরদেশ জারি করা হলোঃ

- ১.১. সরকারি কোয়ার্টারের গ্রাহকসমূহের বকেয়া কিংবা অগ্রিম থাকা না থাকা নির্বিশেষে প্রিপেইড মিটার স্থাপন করা হবে এবং স্থাপনকৃত সকল গ্রাহকের মিটার কমিশনিং (প্রিপেইড মোডে রূপান্তর) করা হবে;
- ১.২. বিক্রয় ও রাজস্ব বিভাগ কর্তৃক প্রেরিত তালিকা অনুযায়ী সরকারি কোয়ার্টারের গ্রাহকসমূহ জরিপপূর্বক সংশ্লিষ্ট জোন অফিস ও প্রকল্পের প্রতিনিধির সমন্বয়ে গঠিত যৌথ টিমের মাধ্যমে কোয়ার্টারের গ্রাহকসমূহের তালিকা প্রস্তুত ও প্রিপেইড মিটার স্থাপন করা হবে;
- ১.৩. প্রতিটি গ্রাহক সংকেত নম্বরের বিপরীতে রাইজার/ফ্ল্যাট সূনির্দিষ্টভাবে চিহ্নিতকরণের জটিলতা নিরসনের লক্ষ্যে প্রকল্প কর্তৃক সাময়িকভাবে একটি প্রিপেইড কোড প্রদান করে মিটার স্থাপন করা হবে;
- ১.৪. রাজস্ব বিভাগ সরকারি কোয়ার্টারের প্রিপেইডে রূপান্তরিত গ্রাহকের বকেয়া রয়েছে কিনা তা যাচাই-বাছাইপূর্বক নির্ধারণ করে আদায়ের ব্যবস্থা করবে;
- ১.৫. আইসিটি ডিভিশন প্রকল্প দপ্তর হতে প্রেরিত তালিকা অনুযায়ী প্রিপেইডে রূপান্তরিত গ্রাহকগণের তথ্য Customer Database System এ রেকর্ডভুক্ত ও হালনাগাদ করবে যাতে কোনো গ্রাহকের বিলিং সিস্টেম ফ্লাট রেটে অব্যাহত না থাকে অর্থাৎ অতিরিক্ত বিক্রয় আরোপিত না হয়;
- ১.৬. সরকারি কোয়ার্টারের প্রিপেইড মিটার স্থাপনকৃত কোনো গ্রাহক কর্তৃক সংঘটিত অবৈধ কার্যকলাপ প্রকল্প দপ্তরের গোচরীভূত হলে প্রকল্প দপ্তর সংশ্লিষ্ট বিপণন ডিভিশনকে তা অবহিত করবে এবং বিপণন ডিভিশন এ বিষয়ে তদন্ত পূর্বক ‘গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪’ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে;
- ১.৭. সরকারি কোয়ার্টারের প্রিপেইড মিটার স্থাপনকৃত গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন কিংবা রক্ষণাবেক্ষনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ প্রকল্প দপ্তরকে অবহিত করে প্রকল্প দপ্তরের অভিমত গ্রহণপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে। উল্লেখ্য, সংযোগ বিচ্ছিন্নের ক্ষেত্রে ‘গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪’-এর নীতিমালা আপাততঃ অনুসৃত হবে;
- ১.৮. রাজস্ব ডিভিশন কর্তৃক এজি অফিসকে সরকারি কোয়ার্টারসমূহে প্রিপেইড মিটার স্থাপনের বিষয়ে অবহিত করবে।

২. এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

২৫-০২-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.৬৫৩.১৪.০০৩.২৪.২৯৪/১ (১১)

১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ) সকল;
- ৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি) সকল;
- ৬। উপমহাব্যবস্থাপক (হিসাব) সকল;
- ৭। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৮। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ১০। ব্যবস্থাপক (সমস্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং
- ১১। সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।



*Jahan*

২৫-০২-২০২৪  
সারওয়াত জাহান  
উপমহাব্যবস্থাপক